ঝিনাইদহে বৈধ মদের দোকানে অবৈধ ক্রেতাদের ভিড়

ঝিনাইদহ শহরের সরকার অনুমোদিত দেশী মদের দোকানে চলছে মাদকের রমরমা বানিজ্য। সেখানে সরকারি লাইসেন্সধারী মাদকসেবীদের কাছে মদ বিক্রির কথা থাকলেও নিয়মনীতির তোয়াক্কা না করে স্কুল কলেজের শিক্ষার্থী ও উঠতি বয়সী যুবকদের কাছে দেদারসে বিক্রি করা হচ্ছে। এতে রাস্তা ঘাটে মাদক সেবীদের মাতলামীর যন্ত্রনায় প্রায় নাজেহাল হতে হচ্ছে বলে অভিযোগ তুলেছে এলাকাবাসী।

জানা গেছে, শহরে প্রায় শতাধিক লাইসেন্সধারী মদক্রেতা আছে। কিন্তু সেখানে তালিকা মেনে মদ বিক্রি করেন না বিক্রেতা। প্রতিদিন সকাল ৮টা থেকে বিকাল পর্যন্ত সেখানে চলে মাদকের আড্ডা। উঠতি বয়সী যুবক,স্কুল কলেজের শিক্ষার্থীসহ নানা শ্রেনিপেশার মানুষ মদ কিনতে আসে। আর এসব ঘটনা ঘটছে শহরের কবি গোলাম মোস্তফা সড়কের তাসলিম ক্লিনিকের বিপরীতে অবস্থিত স্মরজিৎ কুমার সরকারের লাইসেন্সধারী মদের দোকান সংলগ্ন তার বাড়িতে।

ঝিনাইদহের সচেতন নাগরিক সমাজের প্রতিনিধি বীর মুক্তিযোদ্ধা লিয়াকত হোসেন জানান,গত কয়েক মাস ধরে শহরজুড়ে চুরি, ছিনতাই ও হত্যাকাণ্ডের মত ঘটনা ঘটেই চলেছে। সংশ্লিষ্ট কতৃপক্ষ দ্রুত এর লাগাম টানতে না পারলে শহরে এর চেয়ে আরো ভয়াবহ ঘটনা ঘটতে পারে।

বিষয়টি নিয়ে মাদক বিক্রেতা স্মরজিৎ সরকার জানান,আমি এখানে নিয়ম মেনেই মদ বিক্রি করি। মাঝে মধ্যে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের অনুরোধে কিছু ব্যক্তিকে মদ দিতে হয়।

এ ব্যাপারে ঝিনাইদহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদার জানান, এসব ঘটনা আমার জানা নেই। তবে বিষয়টি খতিয়ে দেখবো।